গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ শিপিং কর্পোরেশন
প্রশাসন বিভাগ
www.bsc.gov.bd
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

নম্বর: ১৮.১৬.০০০০.৩৫৩.৪০.০০১.১৮.১৭৮

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

**অফিস আদেশ**

অর্থ মন্ত্রণালয় ও নৌপরিবহণ মন্ত্রণালয়ের ব্যয় সংকোচন সংক্রান্ত নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) হতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিম্মোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:-

ক. বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে প্রদত্ত বরাদ্দের ২৫% এবং জ্বালানিখাতে বরাদ্দের ২০% ব্যয় হ্রাস করার প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ. বরাদ্দকৃত সকল যাননবাহনের মাসিক জ্বালানি বরাদ্দের ২০% সংকোচন করা হলো;

গ. বিদ্যুৎ সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে শীতাতাপ নিয়ন্ত্রণ যন্ত্র (এসি) সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. অনিবার্যকারণ ব্যতীত শারীরিক উপস্থিতিতে সভা পরিহার এবং অধিকাংশ ক্ষেত্রে সভা অনলাইন প্লাটফর্ম আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঙ. সকল কর্মকর্তা-কর্মচারীদের বিদেশ ভ্রমণ সীমিত করতে হবে;

চ. বাৎসরিক ক্রয় পরিকল্পনা পুন: পর্যালোচনা পূর্বক রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহণ করতে হবে;

ছ. অব্যবহৃত জমি/স্থানকে উৎপাদনশীল কাজে ব্যবহারের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

জ. প্রতিটি বিভাগ/শাখার দৈনিক/মাসিক চাহিদাপত্রে (রিকুইজিশন)-এ বিভাগীয় প্রধানগণ স্বাক্ষর করবেন;

ঝ. ব্যক্তিগত কাজে সংস্থার গাড়ী ব্যবহারে সরকারি পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

ঞ. কগজ ব্যবহারের ক্ষেত্রে সর্বদা উভয় পৃষ্ঠা ব্যবহার করতে হবে;

ট. নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন (মোটরযান, জলযান ও আকাশযান) ক্রয় বন্ধ থাকবে;

ঠ. শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জামাদি ও আসবাবপত্র খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

ড. দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

ঢ. উপরের (ট) (ঠ) (ড)-এ বরাদ্দকৃত অর্থ অন্য কোন খাতে পুন: উপযোজন করা যাবে না;

০২। উল্লিখিত পদক্ষেপ সমূহ সংস্থার সকল বিভাগ/শাখা এবং আঞ্চলিক অফিস সমূহকে যথাযথা ভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৩। এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয় ও নৌপরিবহণ মন্ত্রণালয়ের এতদসংশ্লিষ্ট বিষয়ে পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮-৭-২০২২
মোহাম্মদ আশরাফুল আমিন
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন: ০৩১-২৫২১১৬২-৬৮
ফ্যাক্স: ০৩১-৭১০৫০৬, ৭২২৩৮০
ইমেইল: gm-admin@bsc.gov.bd

নম্বর: ১৮.১৬.০০০০.৩৫৩.৪০.০০১.১৮.১৭৮/১(২৮)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯ / ২৮ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) নিবার্হী পরিচালক (অর্থ/বাণিজ্য/প্রযুক্তি),বিএসসি,চট্টগ্রাম।
২) সচিব, সচিবালয় বিভাগ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৩) সকল মহাব্যবস্থাপক
৪) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), ডিপিএ/সিএসও, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৫) সচিব (অতিরিক্ত দায়িত্ব), ভবিষ্য তহবিল শাখা, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৬) মহাব্যবস্থাপক, ঢাকা আঞ্চলিক কার্যালয় (মার্কেটিং বিভাগ), বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৭) উপ-মহাব্যবস্থাপক, খুলনা আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৮) উপ মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
৯) উপ-মহাব্যবস্থাপক, শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১০) সহকারী ব্যবস্থাপক, নাবিক শাখা, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
১১) সহকারী ব্যবস্থাপক টু ব্যবস্থাপনা পরিচালক,বিএসসি, চট্টগ্রাম-ব্যঃপঃ মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
১২) অফিস কপি।

২৮-৭-২০২২
মোহাম্মদ আশরাফুল আমিন
মহাব্যবস্থাপক (প্রশাসন)